



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেবিঃ-১/৩(৭)/ ২০১৬-১৭/৪৪২(১২০০)

তারিখঃ ০৭/০২/২০১৭

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি হ্রাস প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখ ১৭/০৯/২০১৪ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি হ্রাস প্রসঙ্গে বিগত ৩০/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৬৭৮তম সভার অনুমোদন এবং ০৬/০২/২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৬৭৯তম সভার দৃষ্টিকরণ মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“মাঠ পর্যায়ে ব্যাংকের ঋণের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি ৫০% হ্রাস (ঋণাংকের উপর বর্তমান ০.৪০% এর পরিবর্তে ০.২০% হারে) করার প্রস্তাব অনুমোদন করা হলো, যা সিদ্ধান্ত জারীর তারিখ হতে কার্যকর হবে। তবে নতুন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে প্রক্রিয়াকরণ ফি পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।”

০৩। এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখ ১৭/০৯/২০১৪ এবং সার্কুলার লেটার নং প্রকা/ক্রেবিঃ-১/৩(৭)/ ২০১৫-১৬/৭৩৪(১২০০) তারিখ ০২/০৫/২০১৬ এর অন্যান্য সকল নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,


(মোঃ মুজিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোন-৯৫৫০৪০৩
তারিখঃ -এ-

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেবিঃ-১/৩(৭)/ ২০১৬-১৭/৪৪২(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১ ও ২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপরোক্ত সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৯। নথি / মহানথি।


০৭.০২.২০১৭.
(খায়রুন্নেসা আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক